REG. NO. C. 853

জাহ্নবী

সাপ্তাহিক সংবাদ পত্র।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ২৷৷০ টাকা। নগদ মূল্য ২০ দুই পয়সা। যে সংখ্যায় নিয়মাবলী প্রকাশিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

মুরারি বটিকা।

—:০:—

সর্ব্ববিধ নূতন পুরাতন প্লীহা ও যকৃৎ সংযুক্ত ম্যালেরিয়া জ্বরের অদ্বিতীয় মহৌষধ।

সিভিল সার্জ্জন, এসিষ্টাণ্ট সার্জ্জন ও অন্যান্য ডাক্তারগণ দ্বারা বিশেষ পরীক্ষিত, প্রশংসিত এবং চিকিৎসায় ব্যবহৃত হইতেছে। রোগের উৎপত্তি ও প্রতীকার সম্বন্ধে পরীক্ষার জন্য গভর্ণমেণ্ট কর্ত্তৃক কলিকাতায় স্থাপিত স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন নামক সর্ব্বোচ্চ বিদ্যালয়ের হাসপাতালে রোগীকে মুরারি বটিকা, সেবন করানয় আশ্চর্য্য ফল দর্শিয়াছে এবং মুরারি বটিকা ম্যালেরিয়ার যে সর্ব্বোৎকৃষ্ট ঔষধ তাহা সপ্রমাণিত হইয়াছে। ২০ বটিকার শিশির মূল্য এক টাকা মাত্র।

বেঙ্গল প্রিজার্ভিং কোম্পানী
১০নং ডিহি ইটালী রোড, কলিকাতা।

১৩শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৯শে শ্রাবণ বুধবার ১৩৩৩ ইংরাজী 4th August 1926. | ৬ষ্ঠ সংখ্যা।

হিলিংবাম

গত ৩১ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমারা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৸০

স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে বর্ষা পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

গুণে গন্ধে সৌরভসম্পদে
কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।

কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজ

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্টে" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবহার করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১॥০ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল ... ॥৵০ দশ আনা।

হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনার ষ্টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়।

কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ।

১৯শে শ্রাবণ বুধবার ১৩৩৩ সাল।

পাবনায় হিন্দুর অবস্থা।

শ্রীআশুতোষ ভট্টাচার্য্য।

পূর্ব্ব প্রকাশিতের পর।

পরদিবস বেলা প্রায় ১২টার সময় আমরা গসেবাড়ী গ্রামে উপস্থিত হই। গসোবাড়ী হাঁটাপথে ডামরা হইতে দশ মাইলেরও অধিক। পথ বড়ই দুর্গম। ধানের ক্ষেত পাটের ক্ষেত এবং জঙ্গলের ভিতর দিয়া তথায় যাইতে হয়। গসোবাড়ীতে মোট ৭।৮ ঘর হিন্দু আছে। দুই ঘর ব্রাহ্মণ বাদ বাকী প্রায়ই সাহা। সাহাদের প্রত্যেক বাড়ীই লুঠ হইয়াছে এবং একটি ব্রাহ্মণ পরিবারের সর্ব্বস্ব গিয়াছে। এই গ্রামে হিন্দুদের চারিটী বন্দুক আছে কিন্তু হিন্দুরা বন্দুক ব্যবহার করিতে সাহস করে নাই। তাহারা সপরিবারে নিকটবর্ত্তী জঙ্গলে আশ্রয় গ্রহণ করিয়াছিল। তাহাদের চক্ষের সম্মুখে তাহাদের গৃহাদি লুণ্ঠিত হইয়াছে। তাহারা দাঁড়াইয়া দেখিয়াছে কিন্তু বাধা দিতে সাহস করে নাই। মুসলমানেরা সর্ব্বসমেত পাঁচ হাজার টাকার অধিক লুঠ করিয়াছিল এবং লুঠ করিয়াছিল বেলা ১১টা হইতে ১টার মধ্যে তাহারা সংখ্যায় প্রায় একশত ছিল এবং তাহাদিগের মধ্যে স্ত্রীলোকও ছিল। এখানকার হিন্দুরা মুসলমানের ভয়ে কাঁটা হইয়া গিয়াছিল। এখানকার কেবল একটী ব্রাহ্মণ পরিবারের গৃহ লুণ্ঠিত হয় নাই। ইহার গৃহ বাদ পড়িয়াছিল শুধু তিনি মুসলমানগণকে লুঠ তরাজে সাহায্য করিয়াছিলেন এই, জন্য। শুনিলাম এই ব্রাহ্মণ কুলাঙ্গার এখনও মুসলমানগণকে অর্থ সাহায্য করিতেছে। গ্রামবাসীরা আমাদিগকে সেই পাষণ্ড ব্রাহ্মণের নিকট গিয়া তাহাকে ঐরূপ করিতে নিষেধ করিবার জন্য বিশেষ অনুরোধ করে। আমরা সেই ব্রাহ্মণ কুলকলঙ্কের নিকট উপস্থিত হইয়াছিলাম এবং নিষেধও করিয়াছিলাম তবে 'চোর যে ধর্ম্মের কাহিনী শুনিবে তাহা মনে হয় না।

গসোবাড়ী হইতে আমরা ভবানীপুর গ্রামে উপস্থিত হই। ভবানীপুরের সমস্ত হিন্দুর গৃহই লুণ্ঠিত হইয়াছে এবং হইয়াছে বেলা ১১টা হইতে ১টার মধ্যে। এখানকার অধিবাসী প্রায়ই রাজবংশী দু তিন ঘর ব্রাহ্মণ আছেন মাহিষ্যও দু এক ঘর আছে। ভবানীপুর গসোবাড়ী হইতে প্রায় দুই মাইল। এখানকার হিন্দুদের মধ্যে কাহারও অবস্থা বিশেষ ভাল নয়। এই সকল লোকের যাহা কিছু ছিল সর্ব্বস্ব গিয়াছে। তৈজসপত্র, গহণাগাটী, কাপড় চোপড় ধান চা'ল ইত্যাদি কাহারও কিছুই নাই। ইহারা এই কয়েক দিন কোনরকমে চাহিয়া চিন্তিয়া একরূপে গ্রাসাচ্ছাদন নির্ব্বাহ করিতেছে। লুণ্ঠিত দ্রব্যের মূল্য সর্ব্বসমেত তিন চার হাজারের বেশী হইবে না। লুণ্ঠিত পরিবারের মধ্যে সুরেন্দ্রনাথ দাস ও জগত্তারণ হাজরা এই দুইটি পরিবারের নাম বিশেষ উল্লেখ যোগ্য। সুরেন্দ্রের বয়স ১২ বৎসর, বিধবা মাতা, বিধবা মাসী এবং বিধবা ভ্রাতৃবধূ লইয়া ইহার সংসার। পুরুষানুক্রমের সঞ্চিত অর্থ হইতে ইহার সংসার চলিতেছিল, তাহার সমস্ত অর্থই দুর্ব্বৃত্তেরা লইয়া গিয়াছে। তাহার খাইবার পরিবার সংস্থান একেবারে নাই। এই বালকের রোদনে পাষাণও গলিয়া যায়, এবং তাহার পরিবারস্থ স্ত্রীলোকদিগের দুর্দ্দশায় অতি বড় পাষণ্ডেরও হৃদয় বিগলিত হয়। ইহার সাহায্যের বিশেষ প্রয়োজন নচেৎ এই পরিবারের সব কয়টিই না খাইয়া মরিবে। জগত্তারণ হাজরা একজন প্রৌঢ় ব্রাহ্মণ। ইহার কিছু জমি জমা ও সঞ্চিত অর্থ হইতে ইহার সংসার চলে। এক বিধবা খুড়ী, স্ত্রী ও একটী কন্যা লইয়াই ইহার সংসার। ইহার খাইবার চাল নাই পরিবার কাপড় নাই এবং গৃহে তৈজস পত্র নাই, এবং মূল্য দিয়া কিনিবেন এইরূপ অর্থও নাই। ইহার যথাসর্ব্বস্ব গিয়াছে। যথা সর্ব্বস্ব খোয়াইয়া ব্রাহ্মণ তাহার হৃদয়টি ঠিক ব্রাহ্মণের মতই রাখিয়াছেন। তিনি যখন শুনিলেন আমরা বার মাইল পথ হাটিয়া তাঁহাদের গ্রামে উপস্থিত হইয়াছি এবং বেলা দুইটা পর্য্যন্ত আমাদের এগারজন সকলেই অভুক্ত তখন ব্রাহ্মণ হাতে পৈতা জড়াইয়া জোড় হস্তে আমাদিগকে বলিলেন 'আমার যথা সর্ব্বস্ব গিয়াছে আজ আমার গৃহে অন্ন থাকিলে আপনাদিগকে না খাওয়াইয়া ছাড়িতাম না। আমার ঘরে কিছু মুড়ী আছে কিছু চিড়া আছে আর গাছে গোটা দুই কাঁঠাল আছে। আপনাদিগের নিকট আমার নিবেদন যে, গরীবের প্রতি দয়া করিয়া আপনারা কিঞ্চিৎ জলযোগ করেন।' ব্রাহ্মণের এই কথায় আমরা কেহই অশ্রু সংবরণ করিতে পারি নাই। ব্রাহ্মণের মুড়ী ছাতু আমাদিগের নিকট অমৃতের ন্যায়ই বোধ হইয়াছিল। অনেক স্থানে গিয়াছি অনেক লাখপতিও দেখিয়াছি কিন্তু এমনভাবে এমন প্রাণ দিয়া কেহই আমাদের অভ্যর্থনা করেন নাই। ব্রাহ্মণের সাহায্যের বড়ই আবশ্যক। চা'ল কাপড় এবং কিছু অর্থের নিতান্তই প্রয়োজন।

উপসংহারে আর একজনের কথা বিশেষ উল্লেখযোগ্য। মুশলমান হইলেই হৃদয়হীন হয় না এবং সকল মুশলমান পাষণ্ড নহে। গসোবাড়ী গ্রামে যখন লুঠতরাজ পুরাদমে চলিতেছিল, তখন গ্রামের অপর প্রান্তে যে দৃশ্যের অভিনয় চলিয়াছিল তাহা দেবতারও দর্শনীয় ও উপভোগ্য। কলিমুদ্দি সরকার নামে একজন মুশলমান বিপন্ন হিন্দু নারীগণকে আশ্রয় দিয়া বড়ই বিপন্ন হয়। মুশলমানরা তাহার গৃহ আক্রমণ করে তখন সে একা লাঠির সাহায্যে—এই সকল মুশলমানের দুর্নিবার গতি প্রতিহত করিয়া তাহার আশ্রিত হিন্দু নারীগণকে রক্ষা করে। পরের জন্য বিশেষ হিন্দুর জন্য মুশলমানের এইরূপ আত্মোৎসর্গ বড়ই বিরল। ভগবানের নিকট প্রার্থনা করি যে কলিমুদ্দীর মত লোক যেন মুশলমানদিগের মধ্যে সংখ্যায় অধিক হয়।

"হিন্দু" হইতে উদ্ধৃত

নিলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৬ই আগষ্ট ১৯২৬।

১৩২ খাং ডিং শচীন্দ্রনাথ রায় দিং দেং যশোদানন্দন সিংহ দিং দাবি ৩১৸৵১০ মৌজে নিস্পিবিরল ২৸৪ কাত ৫৸৶ আঃ ১৫৲

২৪৫ খাং ডিং শ্যামাপদ রায় দিং দেং হৃষিকেশ রায় দাবি ৮৩৸৵৩ পং গনকর মৌজে তেঘরি ১২/৩ কাত ১০৸৵ আঃ ২০০৲

১৯৬ খাং ডিং রাজেন্দ্রনারায়ণ রায় দেং উপেন্দ্রনারায়ণ শুকুল দিং দাবি ৪০।০ পং নফরপুর মৌজে রাধাকৃষ্ণপুর ১৯৪ কাত ২১॥১০ আঃ ২০৲

১৭৯ খাং ডিং মহারাজ শশীকান্ত আচার্য্য বাহাদুর দেং এব্রাহিম মণ্ডল দিং দাবি ৪৫।/০ পং সেরসাহাবাদ মৌজে নিজ নারায়ণপুর ৭॥০।০ কাত ৮৶৫ আঃ ২৫৲

১৯৯ খাং ডিং সতীশচন্দ্র মুখোপাধ্যায় দিং দেং রাধিকালাল সিংহ দাবি ২৯।৵৯ জেলা মালদহ ৫৯৭নং তৌজি পং জোয়ার বিরাহিমপুর মৌজে সাদিকপুর ১১/৪ কাত ৭৲ আঃ ৫০৲

২৫৮ খাং ডিং যোগীন্দ্রনারায়ণ দাস দিং দেং কালিদাস দাস দাবি ৪২।/১০ পং গুলতানউজিয়ান মৌজে হিলোড়া ৩/ কাত ৬৲ আঃ ৩০৲

২৯০ খাং ডিং ঐ দেং বিভূতিভূষণ দাস দাবি ২৮।/৩ পরগণাদি ঐ ১৸০ কাত ৫॥০ আঃ ২০৲

২৯২ খাং ডিং কালিপ্রসাদ চট্টোপাধ্যায় দেং ভক্তিভূষণ মাল দিং দাবি ৪১৸/৩ পং রাজসাহীর অন্তর্গত কুঙরপ্রতাপ মৌজে সিধোরী ১০/ কাত ৫৲ আঃ ৩৫৲

২৯৩ খাং ডিং সেবাইত কুমারী কৃষ্ণকামিনী দাসী দেং ভুপতি ভুষণ দাস দাবি ৯৩৶ মৌজে বাঘাগলপুর ১৮.৪৸ কাত ১৩৸৵১৫ আঃ ৫০৲

২৯৪ খাং ডিং ঐ দেং হোসেনবক্স সেখ দাবি ৭৩/১০ পং বহুতালী মৌজে বহুতালী নীলকামাত জোত ৭॥০ কাত ৯৸৵৭॥ আঃ ৫০৲

২৯৫ খাং ডিং ঐ দেং ক্ষেত্রনাথ চৌধুরী দাবি ৮৪।৶০ পং রাজসাহী মৌজে সাহাজাদপুর ১১। কাত ১১৸৶৫ আঃ ৫০৲

১৫৩ রেহান ডিং রাখালচন্দ্র কর্ম্মকার দেং বাদসা বিশ্বাস দিং দাবি ৬০৭৸৩ পং আসদনগর মৌজে পিয়ারাপুর ৯।৩॥ কাত ৮৸৭॥ আঃ ৫৭৫৲ উক্ত জমি জমা ১২/৩। জমির ও ৮৸৭॥ টাকা জমার অন্তর্গত। উপরোক্ত দাবি দেওয়ানী দেনার নিকট ডিক্রীদারের ১৩৩১ সালের চৈত্র কিস্তি বাবদ ৮৩৸০ মূল মোকর্দ্দমা হওয়া কালে বাকী ছিল উক্ত টাকা ও ঐ টাকার সন ১৩৩২ সালের ১লা বৈশাখ হইতে নীলাম কাল পর্য্যন্ত শতকরা মাসিক ৸০ আনা হিসাবে সুদ চলিয়া যে টাকা হয় তাহার দায় সংযোগে ইস্তাহারের সম্পত্তি নীলাম হইবে। মূল মোকর্দ্দমা রুজু কালে উক্ত কিস্তির টাকা দেয় না হওয়ায় উহা মূল মোকর্দ্দমার দাবির সামিল হয় নাই।

৬৩ মনি ডিং অধরচন্দ্র মণ্ডল দেং উমেশচন্দ্র রায় দিং দাবি ৯০৫৲ পং রুকুনপুর মৌজে জামুয়ার ইস্তাহার লিখিত সম্পত্তি নিলাম হইবে আঃ ২৭০৲

১৪৩ মনি ডিং মথুরানাথ সিংহ দেং গোকুলচন্দ্র সিংহ দাবি ৭৭৸৶০ পং সমসথালি মৌজে চাঁদপুর ২।১/ কাত ১।৶৫ আঃ ২০৲ ২নং লাট পং নওয়ানগর মৌজে চক বাহাদুরপুর ২॥২৸ কাত ৩।১০ আঃ ২০৲

২৮৬ মনি ডিং গোলাম হামজা মিঞা দেং নজমল সেখ দাবি ৮৮/৯ পং রাজসাহী মৌজে কাদুঞা ৩।০ কাত ৩।০ আঃ ৪৫৲

২৯৭ মনি ডিং বৈদ্যনাথ দাস দেং গুপিলাল দাস দাবি ৫৯৸৩ পং জোয়ার বিরাহিমপুর মৌজে বাগডাঙ্গা ।০ কাত ১৶০ আঃ ২৫৲

২৮৭ মর্গেজ ডিং সেখ ইয়াকুব মণ্ডল দেং বাহার সেখ দাবি ৫৩৭।৶৯ পং গুলতানউজিয়ান মৌজে নয়াগ্রাম ৬।২ কাত ১০।৶৫ আঃ ২০০৲ অর্দ্ধেক অংশে ৩/৩॥

৩৫২ মনি ডিং হর্ষামল আগরওয়ালা দেং যোগেন্দ্রনারায়ণ দত্ত দাবি ১০৭॥/৬ মৌজে বড় কালিয়াই /৩৸ কাত ২৸/১০ আঃ ১০০৲

৩৮৮ মনি ডিং বোনাই বিশ্বাস দেং ডোমন চৌধুরী দাবি ১৩৭।৵৩ পং চকনদীয়া মৌজে ভবানীবাটী /৪ কাত কাত ৪৲ আঃ ১০০৲

৩৬৪ রেহাণ ডিং বিষ্ণুপদ সাহা দিং দেং করিমবক্স মহালদার দাবি ৭৬৫।৵ পং রুকুনপুর মৌজে নিজ শিবপুর ৮॥০ কাত ৮৲ ঐ জমার অন্তর্গত ২৸১॥ কাত ২॥৵৬।— আঃ ৫০৲। মৌজে নওদাটুলি ৫/ কাত ৩৸৵ তাহার অন্তর্গত ৩/ কাত ২৶৪ আঃ ১০০৲। ঐ মৌজাদিতে ৫/ কাত ৫৲১১ তদন্তর্গত ২॥০ বিঘা আঃ ৫০৲

৩৫১ মনি ডিং রাউতমল মিসরী দিং দেং যোগেন্দ্রনাথ দত্ত দাবি ৭৩৸৵ পং রুকুনপুর মৌজে কালিয়াই জঙ্গিপুর /৩। কাত ২৸/১০ আঃ ৭০৲

২৩৪ মনি ডিং ছোগমল সেরাওগী দেং বৈদ্যনাথ সাহা দিং দাবি ২০/৬ পং গনকর মৌজে চক সাইদপুর ৭।০॥০ কাত ৭।০ আঃ ১০৲ উক্ত জমির এক-চতুর্থাংশ নীলাম হইবে। উক্ত জমির অন্তর্গত ৩৯/৪৸৵ কাত ৩৯॥৯

চৌকী জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৮ই আগষ্ট ১৯২৬।

২৩৪ খাং ডিং শচীন্দ্রনাথ রায় দেং গরিব সেখ দিং দাবি ১১।৶৯ পং কাকজোল মৌজে নিজ গ্রাম ধুলিয়ান ৪৩ ডেসিমেল কাত ৫॥/৫ আঃ ১২৲

১৯৮ খাং ডিং ধীরেন্দ্রনাথ রায় দিং দেং মিছু সেখ দিং দাবি ২৭।০ মৌজে জোত পত্তনী ২॥০৸০ কাত ৩॥৵২ আঃ ১০৲

২০৩ খাং ডিং হীরেন্দ্রনাথ রায় দিং দেং মহাজম বিশ্বাস দিং দাবি ২৫৸৶১০ মৌজে অনুপনগর ।৵৮ ছাম ৮৬ ডেসিমেল কাত ২॥৶৪ আঃ ১০৲

২৩৮ খাং ডিং জ্ঞানেন্দ্রনারায়ণ বাগচী দিং দেং সাধু হাজারী দিং দাবি ৩৩॥৵৯ পং দশহাজারী মৌজে নিমতলা ৩।২ কাত ৩।৶ আঃ ২৫৲

২৪৫ খাং ডিং ভজহরি নাথ দিং দেং মৃদুশীলা দেব্যা দাবি ২২৸/ পং নওয়ানগর মৌজে বয়িদপুর ২৸০ কাত ২॥১০ আঃ ১২৲

২৩৮ মর্গেজ ডিং ঐ দেং জানমহম্মদ সেখ দিং দাবি ১১৬৭।৶৯ পং গনকর মৌজে ভূমিহর ৭/ কাত ৯৲ আঃ ১৬৲ ২নং লাট পং গনকর মৌজে কিং রামচন্দ্রবাটি ৮/ কাত ১৫৸০ আঃ ১৫০৲

১৭৯ খাং ডিং রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং শচীন্দ্রনাথ রায় দিং দাবি ১২০৬৶৬ পং রাজসাহী মৌজে অনুপনগর পুষ্করিণী ১টী মায় তদুপরিস্থিত বৃক্ষাদি জল ৫ পাহাড় আঃ ৫০০৲। ২নং লাট জেলা মুর্শিদাবাদ কালেকটরীর ৫২১নং তৌজি তরফ অনুপনগর ৶৪ ছাম পত্তনি স্বত্ব আঃ ৫০০৲

২৫৮ খাং ডিং ঐ দেং কৃষ্ণলাল সিংহ দাবি ৪৯।৶৯ পং রুকুনপুর মৌজে কুলী ৫—১৮ শতক কাত ১৪।৵২ আঃ ৩৫৲

২৮৮ খাং ডিঃ ঐ দেং হরিদাস বিশ্বাস দাবি ২২।৬ পং রুকুনপুর মৌজে কুলী ৩—১৫ শতক কাত ৪৵৫ আঃ ১৫৲

২৯১ খাং ডিঃ ঐ দেং হেমন্তকুমার ঘোষ দাবি ২৪॥৵০ পং রাজসাহী মৌজে দিঘরি ।৵৮ ছাম ১৸৪॥ কাত ৩/৮ আঃ ২০৲

৫২২ খাং ডিঃ ঐ দেং মহম্মদ আবদুল হায়াত খাঁ চৌধুরী দিং দাবি ৪০৸৵৩ পং রুকুনপুর মৌজে শ্রীমন্তপুর ৮—২৩ শতক কাত ১১॥/৯ আঃ ৪০৲

৩২৫ খাং ডিঃ কুমার জ্ঞানেন্দ্রচন্দ্র পাঁড়ে দেং সতীশচন্দ্র মণ্ডল দিঃ দাবি ২৯।/৬ পং কাকজোল মৌজে ফতেপুর ১-৩১ শতক কাত ২৸/ আঃ ২৫৲

৩২৬ খাং ডিঃ ঐ দেং দীলমহম্মদ সেখ দিং দাবি ২২।৶৬ পং কাকজোল মৌজে ফতেপুর ৬৭ শতক কাত ১॥৫ আঃ ১৫৲

৩২৭ খাং ডিঃ ঐ দেং সেখ আমজাদ হোসেন দাবি ২০॥৵৬ পং ও মৌজে ঐ ১—৭ শতক কাত ২।৵৫ আঃ ২০৲

৩২৮ খাং ডিঃ ঐ দেং ফকিরচাঁদ মণ্ডল দাবি ২৩।৶৬ পং কাকজোল মৌজে ফতেপুর ৮২ শতক কাত ৩৲১৫ আঃ ২০৲

৩২৯ খাং ডিঃ ঐ দেং দেবেন্দ্রনারায়ণ সিংহ দাবি ১২৸৵৬ পং কাকজোল মৌজে ফতেপুর ১৪ শতক কাত ১/০ আঃ ১০৲

৩৩০ খাং ডিঃ কুমার জ্ঞানেন্দ্রচন্দ্র পাঁড়ে দেং দুধন বেওয়া দাবি ১৭॥৵৬ পং রুকুনপুর মৌজে আলাইপুর ২॥১ কাত ১৸৵১৫ আঃ ১৫৲

৩৩১ খাং ডিঃ ঐ দেং মহিমননেসা বিবি দাবি ১৭॥ পং কাকজোল মৌজে ফতেপুর ১—১২ শতক কাত ১৸৵৫ আঃ ১৫৲

২০৪ খাং ডিঃ যদুনন্দন দাস দিং দেং ভুলু সেখ দিং দাবি ৪৭৸৶ পং চাঁনদাঁয়া মৌজে মহিষাহলী ৩৸২ কাত ৯৸৵১৮ আঃ ২৫৲

২১৪ খাং ডিঃ মোহনমতি দেবী দেং গদাধর মিশির দাবি ৩৯॥৶৩ পং এ হবরসাহী মৌজে বেলুড়িয়া ২॥১। কাত ৬৸১৬ আঃ ২৫৲

২৯৭ খাং ডিঃ সেবাইত গুরুদাস ধর দেং করিম সেখ দাবি ৪৯৲ পং গনকর মৌজে বড়বাড়ী ওরফে দক্ষিণপাড়া ২৫॥০৸০ কাত ৪৪৸৶ আঃ ৪০৲

৩৭৪ খাং ডিঃ লক্ষ্মীনাথ লালা দিং দেং কৃষ্ণদাস ব্রহ্মচারী দিং দাবি ৯৭৸৯ পং সাহাবাজপুর মৌজে মোরগ্রাম ৬৸৩॥ কাত ১৫৲৩ আঃ ৮০৲

৩৭৫ খাং ডিঃ ঐ দেং এন্তাজ সেখ দিং দাবি ৮৭৸/৬ পরগনাদি ঐ ১৪/ কাত ১৩৸ আঃ ৯০৲

১০১ মনি ডিঃ জুল্লুর রহমান মণ্ডল দেং ইদু খাঁ দিং দাবি ২৫৩৵০ মৌজে বহুতালি ২৬/২ কাত ২৯৸৵১০ আঃ ২০০৲ উক্ত জমার অন্তর্গত ১০।৪ দেন্দারের অর্দ্ধেকাংশ।

১৬৮ মনি ডিঃ সরস্বতী দেবী দেং আতারুদ্দিন বিশ্বাস দাবি ৫৩।৶৯ পং কাঁকজোল মৌজে মমরেজপুর জায়গীর ৭/২ কাত ১২৲ ইহার এক-তৃতীয়াংশ নীলাম হইবে আঃ ২৫৲

১৭৬ মনি ডিঃ ঐ দেং জ্যোতিশচন্দ্র সরকার দাবি ৯৯৲৬ পং ঐ মৌজে মমরেজপুর পাইকড়া ১২/১ কাত ৫।৭ আঃ ৮০৲ মোট ১০১॥৪ কাত ৪৫৵৪৸ জমার অন্তর্গত ১২/১

১৭৭ মনি ডিঃ মানালাল বয়েদ দিং দেং এজাবুল হোসেন সেখ দাবি ১৫২॥৵৬ পং কাকজোল মৌজে কামালপুর ৩০/১। কাত ৩৫৸৵৫ আঃ ২০০৲ জমার অন্তর্গত ৮৸৩।৵

২০০ মনি ডিঃ যমুনালাল সেরাওগী দেং ইউসফ বিশ্বাস দাবি ৭৭৭।৯ পং রুকুনপুর মৌজে কিনারাকামাত ১৫/ খাজানা ফি বিঘা ৸৵ হিসাবে তদুপরিস্থিত বদরীবৃক্ষ ৭ পেড় এক-ষষ্ঠাংশ আঃ ৭৫৲ ২নং লাট ঐ মধ্যে ৩॥ বিঘা তদুপরিস্থিত বদরীবৃক্ষ ৪ পেড় খাজনা প্রতি বিঘা ১৲ আঃ ৭৫৲ ৩নং লাট ঐ মধ্যে ৬/ খাজনা প্রতি বিঘা ৸৵ বদরী বৃক্ষ ১ পেড় দেন্দারের এক-ষষ্ঠাংশ আঃ ২৫৲ ৪নং লাট মৌজে ঘনেশ্যামপুর ॥৩ তদুপরিস্থিত কলম আম্র ৪ পেড় বাঁশ ১ ঝোপ গুস্তি আন্দাজ ৫০ লেজা খাজনা ॥৵০ আঃ ২০৲ ৫নং লাট পং রুকুনপুর মৌজে অনন্তপুর ১/ তদুপরিস্থিত বদরী বৃক্ষ ২ পেড় খাজনা ॥৵০ আঃ ২৫৲ ৬নং লাট ঐ মধ্যে ১/ তদুপরিস্থিত বদরী বৃক্ষ ৩ পেড় আম ১ পেড় খাজনা ৸০ আঃ ২৫৲ ৭নং লাট পং ঐ মৌজে ঘনেশ্যামপুর ২/ কাত ১।০ আঃ ৪০৲ ৮নং লাট পং চক নদীয়া মৌজে নস্করপুর ৩।১ কাত ৩॥১০॥ তদুপরিস্থিত কুল গাছ ৫ পেড় আঃ ১০০৲

২৩৯ মনি ডিঃ রতনলাল সাহা দেং দৌলত মণ্ডল দাবি ৬৫৬৶৬ পং দশহাজারী মৌজে নিমতলা ১১/ আঃ ৪০০৲ ২নং লাট ঐ মধ্যে ৬/ কাত ২/ তন্মধ্যে ২/ আঃ ১২৫৲

২০৮ স্বত্ব ডিঃ বসন্তকুমার ঘোষ দেং রাহিদান বিবি দিঃ দাবি ৭৬।/৯ পং রাজসাহী মৌজে অনুপনগর ৩/ কাত ২৸/ আঃ ২৫৲ জমার অন্তর্গত ৸২॥/

২৪৬ রেহান ডিঃ সাধনমতি দেব্যা দেং বিলাত মণ্ডল দাবি ৩৫০৸০ পং কাকজোল মৌজে পরানপাড়া ৪।০॥ বিঘা আঃ ২৫০৲



নানাবিধ দেশী ও বিলাতী সব্জী বীজ মুরগুমি ফুল ও ফল বীজ ইত্যাদির সচিত্র মূল্য তালিকার জন্য লিখুন সর্ব্বত্র এজেন্ট আবশ্যক উচ্চহারে কমিসন দেওয়া হয়।
বঙ্কিম প্রসাদ ঘোষ এণ্ড কোং
পোঃ বালী, হাবড়া।

ডাঃ এন, এল, পালের
সুদর্শন সার।
(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র)
দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৸০ বার আনা
ডাঃ নন্দলাল পাল।
রঘুনাথগঞ্জ।

প্রাকৃতিক নিয়ম ভঙ্গের ফল।

সকলেরই শরীর সুন্দর, হৃষ্টপুষ্ট ও সুকান্তি হইবার ইচ্ছা। স্বাভাবিক নিয়ম সকল জ্ঞাত থাকিলে সকলেই ঐ ইচ্ছা ফলবতী করিতে পারেন। স্বভাবের নিয়ম যতই অতিক্রম করা যায় ততই স্বাভাবিক দণ্ড আমাদিগকে ভোগ করিতে হয়। দণ্ড ভোগ না করিলে জীবনে কখনও কোন জিনিসের অভাব হয় না। এই সকল বিষয় অবগত হইবার জন্য বিনামূল্যে এক খানি গ্রন্থ পাওয়া যায়। ঐ গ্রন্থের নাম "কামশাস্ত্র"। আজই নাম, ধাম জ্ঞাপন করুন। প্রাপ্ত হইতে মাশুলও লাগিবে না। বিলম্বে নিরাশ হইবার সম্ভাবনা।

শরীরের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য কি করা কর্ত্তব্য? কর্ত্তব্য হচ্ছে শরীরের যাহা ক্ষয় হইয়াছে, তাহা পূরণ করিয়া পূর্ণ স্বাস্থ্য প্রাপ্ত হওয়া। ক্ষয় পূরণ করিতে "আতঙ্ক নিগ্রহ বটিকা" অসীম ক্ষমতা রাখে। পরীক্ষা করিলেই জানা যাইবে, উহার কি ক্ষমতা। প্রতি কৌটা ১৬ দিনের ব্যবহারের উপযোগী ১৲ টাকা।

আতঙ্ক নিগ্রহ ঔষধালয়।
২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

ইলেক্ট্রিক সার্কিউসন

মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১॥০ দেড় টাকা।

অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

সুরমা

ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের ভক্তে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৶০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৴০ এক টাকা পাঁচ আনা।

সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৌকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখমেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৶০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা

১নং। দামোদর সুধা ঃ— মূল্য ॥৶০
ম্যালেরিয়া ও সর্ব্ববিধ পুরাতন জ্বরের মহৌষধ। মাশুলাদি স্বতন্ত্র

২নং বিনা অস্ত্রে আরোগ্য অপেরীণ ঃ—
বাগী, ফোঁড়া, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীত্‌লী ব্রণ, কাকবিড়ালী, পৃষ্ঠব্রণ এমন কি আব (Tumour) প্রভৃতি প্রথম অবস্থায় বাহ্য প্রয়োগে বসিয়া যাইবে, এবং বিলম্বে লাগাইলে আপনি ফাটিয়া যায়।
মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ॥০ আনা।

৩নং। স্পিরিট ক্যাম্ফর ঃ— ওলাওঠা (কলেরা) উদরাময় প্রভৃতি রোগের প্রথমাবস্থায় অত্যুৎকৃষ্ট ঔষধ। মূল্য ।৶০ আনা একত্রে ৩ শিশি ১৲

৪নং। একজিন ঃ— একজিমা বা কাউবের একমাত্র মলম। মূল্য ॥০ আনা।

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।
ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ. কলিকাতা।